

## Question Bank for PG Course

### বাংলা ( Bengali )

#### ষষ্ঠ পত্র (Paper-VI)

#### Natok O Natyamancha : PGBG-VI

1. ... মহেশ্বের শিখা জ্বলে / নক্ষত্রের মতো --- দীপ নিবে যায় ঝড়ে, / তারা নাহি নিবে ।' --- কার উক্তি ?
2. ভক্তপ্রসাদের 'জপ'-এ থাকার প্রকৃত ব্যঞ্জনাটি কী ?
3. 'লাইং ভালেট' সাহিত্যের কোন্ সংরূপের অন্তর্গত ?
4. 'বিদ্যাসুন্দর' কোন্ বছর মঞ্চস্থ হয়েছিল ?
5. 'ছেঁড়া তার' নাটকের নামকরণটি শব্দের তিনটি শক্তির মধ্যে কোন্ শক্তির পরিচায়ক ?
6. 'এ যে দীপ্ত অগ্নিশিখা ।' --- কার উদ্দেশ্যে এই উক্তি ?
7. 'Flower of the native theatre' নামে কাকে অভিহিত করা হত ?
8. 'তোমার চোখে লোভের বলক আরো উগ্র ।' --- উদ্দিষ্ট ব্যক্তিটি কে ?
9. '... আপনি যাকে বলেন পাপ, আপনি তারই সঙ্গে সন্ধিস্থাপন করেছিলেন ।' --- বক্তা কে ?
10. কে বঙ্কিমচন্দ্রের 'রজনী' উপন্যাসের নাট্যরূপ প্রদান করেন ?
11. ভ্রাতারে আঘাত করে ভ্রাতা, বন্ধু হয় / বন্ধুর বিরোধী ।' --- এটি কার উক্তি ?
12. অম্বিকাপ্রসাদ কোন্ কলেজে পড়াশুনো করত ?
13. 'সেই ছলনা আজ শেষ হ'লো । আজ শুভদিন ।' --- 'ছলনা'টি কী ছিল ?
14. 'হোক পুত্র । কি যায় আসে ।' --- বক্তা কে ?
15. 'তপস্বী ও তরঙ্গিনী' নাটকে তরঙ্গিনী বলেছিল, 'যা নিয়ে বাঁচা যায় তার অভাব নেই । চন্দ্রকেতু, আমার মা-কে দেখো ।' --- নাটকে এই উক্তি কীভাবে আয়রনি হয়ে উঠেছিল ?
16. '... তাঁর শাস্ত্রে মোর শাস্ত্রে / দু-অক্ষর প্রভেদ ... ।' --- 'তাঁর' শব্দে কাকে বোঝানো হয়েছে ?
17. কার কাছে 'এ জীবন একটা সুসুপ্তি' বলে মনে হয়েছিল ?
18. "মেদিনী হইল মাটি নিতম্ব দেখিয়া । / অদ্যপি কাঁপিয়া উঠে থাকিয়া থাকিয়া ।।" --- ভক্তপ্রসাদ-উক্ত এই পঙ্ক্তিদ্বয়ের প্রকৃত উৎস কোন্টি ?
19. ভট্টনারায়ণের 'বেণীসংহার' অবলম্বনে কোন্ নাটক রচিত হয়েছিল ?
20. '... পাই নাই / কোনো তৃপ্তি কোনো শাস্ত্রে, অন্তর সদাই / কেঁদেছে সংশয়ে ।' --- কোন্ প্রসঙ্গে এই উক্তি ?

21. 'এখন নীচ স্বার্থসিদ্ধিই কি মানুষের ধর্মনীতি ?' --- কার উদ্দেশে এই উক্তি ?
22. 'শুধু একটা instinct --- বারো বৎসরের অভিজ্ঞতা ।' --- বক্তা কোন্ instinct-এর কথা বোঝাতে চেয়েছেন ?
23. কোন্ ওষুধ প্রস্তুতিতে চডুইপাখির মগজের প্রয়োজন পড়েছিল ?
24. 'অন্যায়েরে মান্য করে নিলে আমাদের মানুষিতা নষ্ট হয়্যা যায় ... ।' --- উক্তিটি কার ?
25. মোতি কে ?
26. 'তোমার মধ্যেও রয়েছে সেই আগুন ...' --- কার উদ্দেশে এই উক্তি ?
27. অর্থহীন জীবনের এই কালীদহে শুধু যেন ঘূর্ণাচক্র ঘোরে ।' --- কে এই উক্তি করেছেন ?
28. '... মানুষ আসলে বোকাই । ভাব দেখায় কতো না চালাক ।' --- কার উক্তি ?
29. 'মিথ্যাবাদী প্রবঞ্চক ছলনা করেছ তুমি' --- কার উদ্দেশে এই উক্তি ?
30. 'আমরা বড় স্বার্থপর, না রে ?' --- বক্তা কে ?